আগামী নির্বাচনে বিএনপির ইমাম কে, জনগণ জানতে চায়: ওবায়দুল কাদের

চেম্বার ডেস্ক:: আগামী নির্বাচনে বিএনপির ইমাম কে? জনগণ তা জানতে চায় বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী সম্পাদক ওবায়দুল কাদের।

‘২০১৮ সালে গণফোরাম প্রধান ড. কামালকে ইমাম মেনে ভুল করেছেন’, বিএনপি নেতাদের এমন মন্তব্যের পরিপ্রেক্ষিতে আজ বৃহস্পতিবার (৪ আগস্ট) সকালে সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

‘আগামী নির্বাচনে জয়ী হলে জাতীয় সরকার গঠন করবে বিএনপি ও তার সহযোগীরা নাকি এ বিষয়ে একমত হয়েছেন।’ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ প্রসঙ্গে বলেন, ‘স্বপ্নতো তারা বারবার দেখেন। গত নির্বাচনেও ঐক্যফ্রন্ট গঠন করেছিলেন। তাদের স্বপ্নে দেখা জাতীয় সরকার এবারও জাতির সঙ্গে জাতীয় তামাশা কি না, তা দেখা যাবে।’

ওবায়দুল কাদের বলেন, ‘আগে বিএনপি নির্বাচনে আসুক, জনগণ চাইলে জয়লাভ করুক।’

বিএনপি তো নির্বাচন প্রক্রিয়াই বিশ্বাস করে না, তারা চায় চক্রান্ত করে যেকোনও উপায়ে ক্ষমতায় যেতে উল্লেখ করে কাদের বলেন, ‘বিএনপি এখন সরকার গঠনের দিবাস্বপ্নে জনসম্পৃক্ততাহীন কিছু নেতাদের নিয়ে ঐক্য করছে। কথিত এ ঐক্য ভোটের মাঠে কোনও প্রভাব ফেলবে বলে জনগণ মনে করে না।’

তিনি বলেন, ‘ঐক্যের নামে বিএনপি এবং এর দোসররা মূলত শেখ হাসিনা সরকারকে হটানোর জন্য দেশ-বিদেশে চক্রান্ত করছে। তাদের এ চক্রান্ত প্রতিরোধ ও প্রতিহত করতে আওয়ামী লীগ প্রস্তুত।’

বর্তমান সরকারকে ক্ষমতায় থাকতে দেওয়া হবে না, বিএনপি নেতাদের এমন কাল্পনিক বক্তব্যের জবাবে ওবায়দুল কাদের পাল্টা প্রশ্ন রেখে বলেন, ‘ক্ষমতায় থাকতে দেওয়া না দেওয়ার বিএনপি কে? ক্ষমতার উৎস এ দেশের জনগণ এবং ক্ষমতা দেওয়ার মালিক মহান আল্লাহ।’

জনগণের ভালোবাসা নিয়ে আওয়ামী লীগ ক্ষমতায় এসেছে এবং আছে, জনগণ

[illegible] [illegible] [illegible] [